# কৃষি বিপণন বার্তা


| ত্রৈমাসিক কৃষি বিপণন বার্তা | দ্বিতীয় বর্ষ | সপ্তম সংখ্যা | বৈশাখ-১৪৩০ | পৃষ্ঠা-৮ |
|---|---|---|---|---|


## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে হিসেবে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল-এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে ২৬ মার্চ ২০২৩ খ্রি. তারিখ রবিবার বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল-এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ওমর মোঃ ইমরুল মহসিন মহোদয়ের নেতৃত্বে কৃষি বিপণন অধিদপ্তরের পক্ষ থেকে পুস্পস্তবক অর্পণ করা হয়।

## মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উপলক্ষ্যে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ



মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উপলক্ষ্যে কেন্দ্রীয় শহীদ মিনার, ঢাকায় পুষ্পস্তবক অর্পণ

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উপলক্ষ্যে ২১ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. তারিখ মঙ্গলবার কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ওমর মোঃ ইমরুল মহসিন মহোদয়ের নেতৃত্বে কেন্দ্রীয় শহীদ মিনার, ঢাকায় পুষ্পস্তবক অর্পণ করা হয়।

## সম্মানিত সচিব, কৃষি মন্ত্রণালয় কর্তৃক রংপুরে আলুর অহিমায়িত মডেল ঘরের উদ্বোধন



রংপুরে আলুর অহিমায়িত মডেল ঘরের উদ্বোধন করেন কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব ওয়াহিদা আক্তার

১৯ মার্চ, ২০২৩ খ্রি: তারিখ রবিবার কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন আলুর বহুমুখী ব্যবহার, বিপণন ও সংরক্ষণ উন্নয়ন প্রকল্প কর্তৃক নির্মিত রংপুর জেলার পীরগাছা উপজেলার কল্যাণী ইউনিয়নের আলুর অহিমায়িত মডেল ঘর-এর শুভ উদ্বোধন করেন কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব ওয়াহিদা আক্তার। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, কৃষি বিপণন অধিদপ্তর জোরদাকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব শাহনাজ বেগম নীনা, আলুর বহুমুখী ব্যবহার, বিপণন ও সংরক্ষণ উন্নয়নের প্রকল্প পরিচালক জনাব আনোয়ারুল হক।

## কৃষকের বাজারের জন্য বাংলাদেশ পাট গবেষণা ইন্সটিটিউটের জমি কৃষি বিপণন অধিদপ্তরে হস্তান্তরে সমঝোতা স্মারক সই



জমি হস্তান্তরে সমঝোতা স্মারক সই করছেন মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এবং মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইন্সটিটিউট

২৩ জানুয়ারি, ২০২৩ খ্রি. তারিখে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) কর্তৃক বাস্তবায়নাধীন কৃষকের বাজার স্থাপনে

বাংলাদেশ পাট গবেষণা ইন্সটিটিউট কর্তৃক কৃষি বিপণন অধিদপ্তরকে ১৮ শতাংশ জমি হস্তান্তর করা হয়। কৃষি বিপণন অধিদপ্তরের পক্ষে সম্মানিত মহাপরিচালক জনাব ওমর মোঃ ইমরুল মহসিন জমি গ্রহণ করেন। জমি হস্তান্তর অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জনাব শাহনাজ বেগম নীনা, পরিচালক (যুগ্মসচিব) এবং জনাব মোঃ ফয়েজ, ডেপুটি কম্পোনেন্ট ডাইরেক্টর (এসএসিপি) ও প্রকল্প সমন্বয়ক, কৃষি বিপণন অধিদপ্তর। এ ছাড়াও, এফএও-এর প্রতিনিধি ও বিজেআরআই-এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। পরবর্তীতে মহাপরিচালক মহোদয় হস্তান্তরকৃত জমি ও কৃষকের বাজার নির্মাণ কাজ সরেজমিনে পরিদর্শন করেন।

### রংপুর, দিনাজপুর ও পঞ্চগড় জেলার উৎপাদিত টমেটোর সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন উন্নয়ন শীর্ষক কর্মসূচির আওতায় টিওটি প্রশিক্ষণ আয়োজন



টিওটি প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

১৩ মার্চ, ২০২৩ খ্রি. তারিখ সোমবার কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে রংপুর, দিনাজপুর ও পঞ্চগড় জেলার উৎপাদিত টমেটোর সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন উন্নয়ন শীর্ষক কর্মসূচির আওতায় কর্মকর্তাগণের জন্য টিওটি প্রশিক্ষণ আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। প্রশিক্ষণে বিশেষজ্ঞ বক্তা হিসেবে গুরত্বপূর্ণ সেশন পরিচালনা করেন ড. মোঃ গোলাম ফেরদৌস চৌধুরী, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, পোস্ট হার্ভেস্ট টেকনোলজি বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট, গাজীপুর, জনাব শাহনাজ বেগম নীনা, পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এবং জনাব নিখিল চন্দ্র দে, কর্মসূচি পরিচালক, রংপুর, দিনাজপুর ও পঞ্চগড় জেলার উৎপাদিত টমেটোর সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন উন্নয়ন কর্মসূচি।

### ঐতিহাসিক ৭ মার্চ, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে বঙ্গাবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

ঐতিহাসিক ৭ মার্চ-২০২৩ উদযাপনের অংশ হিসেবে ৭ মার্চ, ২০২৩ খ্রি. তারিখ কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ওমর মোঃ ইমরুল মহসিন মহোদয়ের নেতৃত্বে খামারবাড়ি ও কৃষি বিপণন অধিদপ্তরে স্থাপিত বঙ্গাবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।



ঐতিহাসিক ৭ মার্চ, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তরে বঙ্গাবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

### লক্ষ্মীপুরে "পোস্টহার্ভেস্ট এন্ড প্রাইমারী প্রসেসিং" এবং "বিজনেস ম্যানেজমেন্ট স্কিলস" বিষয়ক কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

১২ মার্চ, ২০২৩খ্রি. তারিখ স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (বিপণন অংগ)-এর আওতায় লক্ষ্মীপুর জেলার কমলনগর উপজেলায় "পোস্টহার্ভেস্ট এন্ড প্রাইমারী প্রসেসিং" এবং "বিজনেস ম্যানেজমেন্ট স্কিলস" বিষয়ক কৃষক প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন জনাব মোঃ মনির হোসেন, কৃষি বিপণন কর্মকর্তা (দাঃ প্রাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, লক্ষ্মীপুর।



প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন জনাব মোঃ মনির হোসেন, কৃষি বিপণন কর্মকর্তা (দাঃ প্রাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, লক্ষ্মীপুর

### পবিত্র রমজান মাসে অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের সরবরাহ/মূল্য পরিস্থিতি স্থিতিশীল রাখতে মতবিনিময় সভা অনুষ্ঠিত

২০ মার্চ, ২০২৩ খ্রি. তারিখ সোমবার কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষ্যে অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের সরবরাহ/মূল্য পরিস্থিতি স্থিতিশীল ও যৌক্তিক পর্যায়ে রাখার লক্ষ্যে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। সভায় বিভিন্ন সরকারি, বেসরকারি ও আধা-

সরকারি সংস্থার প্রতিনিধি, ঢাকা শহরের বিভিন্ন স্তরের ব্যবসায়ী নেতৃবৃন্দ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিক এবং কৃষি বিপণন অধিদপ্তরের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভার শুরুতে জনাব মোঃ মজিবর রহমান, উপপরিচালক (বাজার সংযোগ) রমজান উপলক্ষ্যে বিভিন্ন পণ্যের চাহিদা, উৎপাদন ও আমদানি সম্পর্কে আলোচনা করেন। এ ছাড়াও জনাব শাহনাজ বেগম নীনা, পরিচালক (বাজার সংযোগ ও গবেষণা) সভায় উপস্থিত ছিলেন। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর কৃষিপণ্যের সরবরাহ/মূল্য পরিস্থিতি স্থিতিশীল রাখতে করণীয় বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন।



মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

## সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলায় "পোস্ট হারভেস্ট এবং প্রাইমারী প্রসেসিং" বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত



প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন জনাব মাসুদ রানা, সহকারী পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা

২৫ মার্চ, ২০২৩ এবং ২৬ মার্চ, ২০২৩খ্রি. তারিখে সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলায় SACP প্রজেক্ট-এর আওতায় অনুষ্ঠিত "পোস্ট হারভেস্ট এবং প্রাইমারী প্রসেসিং" বিষয়ক দুই ব্যাচ কৃষক প্রশিক্ষণে প্রশিক্ষণ প্রদান করেন জনাব মাসুদ রানা, সহকারী পরিচালক (নীতি ও পরিকল্পনা), কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। প্রশিক্ষণে অংশগ্রহণকারী ২৫ জন কৃষকদের মধ্যে শতকরা ৪০ ভাগ নারী এবং ৬০ ভাগ পুরুষ উপস্থিত ছিলেন।

## রাজশাহীতে কৃষক, ব্যবসায়ী ও উদ্যোক্তাদের নিয়ে সাপ্লাইচেইন ও ভ্যালুচেইন বিষয়ক অংশীজন সভা অনুষ্ঠিত



অংশীজন সভায় সভাপতিত্ব করেন উপপরিচালক (উপসচিব) জনাব মোছাঃ তাছলিমা খাতুন, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ

উপপরিচালকের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী কর্তৃক গত ১৪ মার্চ, ২০২৩খ্রি. তারিখে বিভাগীয় কার্যালয়ের প্রশিক্ষণ কক্ষে কৃষিপণ্যের সরবরাহ ও বিপণন পরিস্থিতি বিষয়ে কৃষক, ব্যবসায়ী ও উদ্যোক্তাদের নিয়ে সাপ্লাইচেইন ও ভ্যালুচেইনের অংশীজনের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন উপপরিচালকের কার্যালয়, রাজশাহী বিভাগ রাজশাহীর উপপরিচালক (উপসচিব) জনাব মোছাঃ তাছলিমা খাতুন। সভায় আরও উপস্থিত ছিলেন সহকারী পরিচালক জনাব শাহনাজ পারভীন, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, রাজশাহীর কৃষি বিপণন কর্মকর্তা জনাব মোঃ মনোয়ার হোসেন, আঞ্চলিক প্রশিক্ষণ কর্মকর্তার কার্যালয়, রাজশাহীর সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জনাব আফরিন হোসেন। সভায় বক্তাগণ রাজশাহী জেলার কৃষক, কৃষি উদ্যোক্তা, অনলাইন উদ্যোক্তা, কৃষি ব্যবসায়ীদের কৃষি পণ্যের সাপ্লাইচেইন ও ভ্যালুচেইনের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করেন ও কৃষিপণ্যের সরবরাহ ও মূল্য স্থিতিশীল রাখতে দিকনির্দেশনা প্রদান করেন।

## রংপুরে প্রক্রিয়াজাতকৃত কৃষিপণ্যের আধুনিক বিপণন কলাকৌশল বিষয়ক প্রশিক্ষণ আয়োজন



আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি পরিদর্শন করছেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ওমর মোঃ ইমরুল মহসিন

আঞ্চলিক প্রশিক্ষণ কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর কর্তৃক আয়োজিত "কৃষিপণ্য প্রক্রিয়াজাতকারী উদ্যোক্তা

উন্নয়ন ও প্রক্রিয়াজাতকৃত পণ্যের আধুনিক বিপণন কলাকৌশল" বিষয়ক প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ওমর মোঃ ইমরুল মহসিন। আরও উপস্থিত ছিলেন জনাব মোঃ আনোয়ারুল হক, প্রকল্প পরিচালক, আলুর বহুমুখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, জনাব মোঃ মজিবর রহমান, উপপরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা ও জনাব মোঃ শামসুর রহমান, উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর। মহাপরিচালক মহোদয় উদ্যোক্তাগণের কাছে কৃষিপণ্যের সংগ্রহোত্তর ক্ষতি হ্রাসে প্রক্রিয়াজাতকরণের গুরুত্ব তুলে ধরেন। প্রশিক্ষণ শেষে মহাপরিচালক মহোদয় উদ্যোক্তাগণের সাথে প্রসেসিং সেন্টার পরিদর্শন করেন এবং প্রসেসিং সেন্টারের বিভিন্ন সমস্যা সমাধানের আশ্বাস দেন।

### কুষ্টিয়ায় বাজারকারবারিদের দক্ষতা বৃদ্ধিতে বাজার সংযোগ কর্মশালা অনুষ্ঠিত




বাজারকারবারিদের দক্ষতা বৃদ্ধি এবং পবিত্র রমজান উপলক্ষ্যে অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের সরবরাহ/মূল্য পরিস্থিতি স্থিতিশীল ও যৌক্তিক পর্যায়ে রাখার লক্ষ্যে বাজার সংযোগ কর্মশালায় ব্যবসায়ীদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করছেন জনাব আব্দুস সালাম তরফদার, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), কৃষি বিপণন অধিদপ্তর, কুষ্টিয়া।

### কুমিল্লায় প্রসেসিং সেন্টারের সুবিধাভোগী কৃষি উদ্যোক্তাদের কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ বিষয়ক প্রশিক্ষণ আয়োজন



০২ ফেব্রুয়ারি, ২০২৩খ্রি. তারিখে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কুমিল্লার আয়োজনে প্রসেসিং সেন্টারের সুবিধাভোগী কৃষি উদ্যোক্তা, প্রক্রিয়াজাতকারী, কৃষক ও কৃষি ব্যবসায়ীদের সমন্বয়ে কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কুমিল্লার ড্রায়িং মেশিন এবং চাটনি প্যাকেজিং মেশিনসহ অন্যান্য মেশিনারিজের পরিচালনা ও ব্যবহার সম্পর্কে অংশগ্রহণকারীগণ সম্যক ধারণা লাভ করেন। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত) জনাব মোহাম্মদ আবদুল কাদের এবং বিশেষ অথিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমিল্লার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক জনাব মোঃ মিজানুর রহমান। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), কুমিল্লা জনাব মোহাম্মদ জাকারিয়া এবং সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ সানোয়ার হোসেন প্রশিক্ষণ আয়োজনে সার্বিক সহায়তা করেন।

### পিরোজপুরে স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্টের আওতায় প্রশিক্ষণার্থীদের মাঝে কৃষি উপকরণ বিতরণ



পিরোজপুর জেলার কাউখালী উপজেলায় স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (বিপণন অংগ) শীর্ষক প্রকল্পের আওতায় Post harvest & primary Processing এবং Business Management Skills বিষয়ে ৪৫ ব্যাচ কৃষক প্রশিক্ষণের অংশ হিসবে কম্পোনেন্ট ডাইরেক্টর ড. মোহাম্মদ রাজু আহমেদ প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে কৃষি উপকরণ বিতরণ করেন।

### Rules and Necessary Documents to Increase Export of Agricultural Products শীর্ষক কর্মশালা

কৃষি বিপণন অধিদপ্তরের প্রশিক্ষণ ও সমন্বয় শাখার আয়োজনে ১৪ মার্চ, ২০২৩ খ্রি. রোজ মঙ্গলবার খামারবাড়ি, ঢাকায় অধিদপ্তরের সম্মেলন কক্ষে "Rules and Necessary Documents to Increase Export of Agricultural Products” শীর্ষক দিনব্যাপী কর্মশালা সম্পন্ন হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ওমর মো: ইমরুল মহসিন, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। কর্মশালায় উল্লিখিত বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব কুমকুম সুলতানা, পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা। মূল প্রবন্ধের উপর গুরুত্বপূর্ণ আলোচনা করেন জনাব শাহনাজ বেগম নীনা (যুগ্মসচিব), পরিচালক (রপ্তানি উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, ড. মোহাম্মদ রাজু আহমেদ, কম্পোনেন্ট পরিচালক, এসএসিপি প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর এবং জনাব জিয়াউল

ইসলাম, অতিরিক্ত উপপরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই। কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব নিলুফার ইয়াসমিন, উপপরিচালক (উপসচিব) (রপ্তানি উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর। অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা এবং রপ্তানিকারকগণ কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালায় কৃষিপণ্য রপ্তানির বিষয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ ও দিক নির্দেশনা উঠে আসে এবং কৃষিপণ্যের অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক বাজার সৃষ্টিতে বাজার সংযোগ, কন্ট্রাক্ট ফার্মিং এবং ব্র্যান্ডিং এর উপর গুরুত্বারোপ করা হয়।



প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

### এসএসিপি (বিপণন অংগ) প্রকল্পের আওতায় দেশের দক্ষিণাঞ্চলের ১১টি জেলার ৩০টি উপজেলায় প্রশিক্ষণ আয়োজন



কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ)-এর আওতায় দেশের দক্ষিণাঞ্চলের ১১টি জেলার ৩০ টি উপজেলায় "পোস্টহার্ভেস্ট ও প্রাইমারি প্রসেসিং" এবং "বিজনেস ম্যানেজমেন্ট স্কিলস" বিষয়ক কৃষক প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। চলতি ২০২২-২৩ অর্থবছরে উল্লিখিত ২টি বিষয়ে ১৭২০ ব্যাচে মোট ৪৩,০০০ (তেতাল্লিশ হাজার) জন কৃষক-কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ কার্যক্রম কৃষি বিপণন অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট, বেসরকারি সংস্থাসহ বিভিন্ন প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত প্রশিক্ষণ পুলের মাধ্যমে পরিচালিত হচ্ছে। প্রত্যেক প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা প্রশিক্ষণ সামগ্রী হিসেবে ব্যাগ, খাতা, কলম ও ম্যানুয়াল এবং প্রশিক্ষণ সরাঞ্জামাদি হিসেবে উন্নত মানের ক্রেট, ম্যাট ও ক্লিপার পাচ্ছে। প্রশিক্ষণসমূহ অধিকতর ফলপ্রসূ করার লক্ষ্যে হাতে কলমে বিভিন্ন উপকরণের মাধ্যমে প্রাইমারি প্রসেসিং-এর কৌশল, ফ্লিপচার্ট, নানান প্রায়োগিক কৌশল ব্যবহার করা হচ্ছে। এ প্রশিক্ষণ জাতীয় কৃষি নীতি, এসডিজি, বর্তমান সরকার-এর অন্যতম লক্ষ্য ফসল কর্তনোত্তর অপচয় হ্রাস, কৃষি বাণিজ্যিকীকরণের মাধ্যমে কৃষকের আয় বৃদ্ধি ও খাদ্য নিরাপত্তা অর্জনে বিশেষ ভূমিকা রাখবে।

### ফরিদপুরে নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার মনিটরিং ও মোবাইল কোর্ট পরিচালনা



০৫ মার্চ, ২০২৩খ্রি. তারিখে জেলা প্রশাসন ফরিদপুর এবং কৃষি বিপণন অধিদপ্তর ফরিদপুর সমন্বয়ে ব্রয়লার মুরগি, গরুর মাংস, চিনিসহ খাবার হোটেল ও অন্যান্য নিত্যপণ্যের বাজার মনিটরিং ও মোবাইল কোট কার্যক্রম পরিচালনা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তা করেন জনাব মোঃ সাহাদাত হোসেন সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), ফরিদপুর।

### ব্রাহ্মণবাড়িয়ায় কৃষি বিপণন অধিদপ্তরের অফিস কাম ট্রেনিং সেন্টারের নির্মাণ কাজ পরিদর্শন



অফিস কাম ট্রেনিং সেন্টারের নির্মাণ কাজ পরিদর্শন প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) জনাব শাহনাজ বেগম নীনা

২১ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. তারিখে কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ শীর্ষক প্রকল্পের আওতায় ব্রাহ্মণবাড়িয়া জেলার অফিস কাম ট্রেনিং সেন্টারের মূল ভবনের ২য় তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়। কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ শীর্ষক প্রকল্পের

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) জনাব শাহনাজ বেগম নীনা ছাদ ঢালাই কার্যক্রমসহ ভবনের অন্যান্য কাজ পরিদর্শন করেন ও কিছু পরামর্শ প্রদান করেন।

### টাঙ্গাইলে পবিত্র রমজান মাসে দ্রব্যমূল্য সহনীয় রাখতে প্রচারণামূলক লিফলেট বিতরণ



রমজান মাসে দ্রব্যমূল্য সহনীয় রাখতে প্রচারণামূলক লিফলেট বিতরণ করছেন জনাব ফারজানা খান, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), টাঙ্গাইল

০২ মার্চ, ২০২৩ খ্রি. তারিখে টাঙ্গাইল সদর ছয় আনি বাজারে বাজার মনিটরিং করা হয়। এ সময় ব্যবসায়ীদের কৃষি বিপণন লাইসেন্স গ্রহণ সহ নিয়মিত মূল্য তালিকা প্রদর্শন করা, ভেজাল ও মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রি না করা এবং আসন্ন রমজান উপলক্ষে দ্রব্যমূল্য সহনীয় মাত্রায় রাখার জন্য অনুরোধ করা হয় এবং রমজান উপলক্ষে লিফলেট বিতরণ করা হয়।

### মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সিলেটে প্রসেসিং সেন্টারের যন্ত্রপাতিসমূহের কার্যক্রম পরিদর্শন



আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি পরিদর্শন করছেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ওমর মোঃ ইমরুল মহসিন

১১ মার্চ, ২০২৩খ্রি. তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ওমর মোঃ ইমরুল মহসিন সিলেট বিভাগের প্রসেসিং সেন্টারের কার্যক্রম ও যন্ত্রপাতিসমূহ পরিদর্শন করেন এবং প্রসেসিং সেন্টারের যন্ত্রপাতিসমূহ কৃষি উদ্যোক্তাগণের ব্যবহারে জন্য বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করে। এ সময় কৃষি বিপণন অধিদপ্তরের সিলেট বিভাগীয় উপপরিচালক জনাব মীর এনামুল ইসলাম, জনাব আব্দুল মান্নান, সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব মাসুদ রানা, সহকারী পরিচালক (নীতি ও পরিকল্পনা) কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা ও সিলেট বিভাগের কৃষি বিপণন অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

### অনলাইনে কৃষি বিপণন লাইসেন্স প্রদানে খুলনায় পাইলটিং কার্যক্রম সম্পন্ন



২২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. তারিখ রোজ বুধবার সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, খুলনায় কৃষি বিপণন লাইসেন্স অনলাইনে প্রদানের জন্য পাইলটিং কার্যক্রম সম্পন্ন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন জনাব শাহরিয়ার আকুঞ্জি, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), খুলনা।

### খুলনায় কৃষক সমাবেশ ও মাঠ দিবসে কৃষি বিপণন অধিদপ্তর খুলনার অংশগ্রহণ




মাঠ দিবসে বক্তব্য প্রদান করছেন জনাব সিফাত মেহনাজ উপপরিচালক (উপসচিব), খুলনা বিভাগ

ক্লাইমেট স্মার্ট প্রযুক্তির মাধ্যমে খুলনা কৃষি অঞ্চলের জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্পের আওতায় খুলনা জেলার দাকোপ উপজেলায় অনুষ্ঠিত কৃষক সমাবেশ ও মাঠ দিবসে কৃষি বিপণন অধিদপ্তর খুলনার পক্ষ থেকে বিভাগীয় উপপরিচালক (উপসচিব) জনাব সিফাত মেহনাজ কৃষিপণ্যের সুষ্ঠু বিপণন সম্পর্কে আলোকপাত করেন। বিশেষ করে এই দাকোপ অঞ্চলের অন্যতম প্রধান ফসল তরমুজের বাজারজাতকরণে তুলনামূলক অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন বড় ট্রাকের প্রবেশ তথা অবাধ ফেরি পারাপারের ব্যবস্থাসহ সকল প্রকার অনাকাঙ্ক্ষিত পরিবহন সমস্যা নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং কৃষক স্বার্থ সংরক্ষণের ব্যাপারে আশ্বাস প্রদান করেন। উক্ত কৃষক সমাবেশ ও মাঠ দিবসে দাকোপ উপজেলার কিষাণ-কিষাণীসহ উপস্থিত

ছিলেন খুলনা কৃষি অঞ্চলের অতিরিক্ত পরিচালক জনাব মোহন কুমার ঘোষ, উপপরিচালক জনাব জাহাঙ্গীর হোসেন, প্রকল্প পরিচালক জনাব শেখ ফজলুল হক মনি এবং উপজেলা কৃষি অফিসার জনাব কে এম মাকসুদুন্নবী সহ কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

### চাঁদপুর কৃষি বিপণন অধিদপ্তর ও জেলা প্রশাসন, চাঁদপুর এর সমন্বয়ে মোবাইল কোর্ট পরিচালিত



২২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. তারিখ রোজ বুধবার চাঁদপুর সদরের পাল বাজারে কৃষি বিপণন অধিদপ্তর ও জেলা প্রশাসন, চাঁদপুর এর সমন্বয়ে মোবাইল কোর্ট পরিচালিত হয়। মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তা করেন জনাব মোঃ কামরুজ্জামান রুপম, কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), চাঁদপুর।

### সাতক্ষীরায় জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত




জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটির সভায় সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ হুমায়ুন কবির, জেলা প্রশাসক, সাতক্ষীরা

আসন্ন পবিত্র রমজানের সময় পণ্য সরবরাহ নির্বিঘ্ন রাখা ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য যৌক্তিক পর্যায়ে রাখার লক্ষ্যে ১৪ মার্চ, ২০২৩খ্রি. তারিখ জেলা প্রশাসক সাতক্ষীরা জনাব মোহাম্মদ হুমায়ুন কবির মহোদয়ের সভাপতিত্বে তার সম্মেলন কক্ষে জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটির সদস্যগণসহ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উপস্থিত ছিলেন।

### ভোমরা স্থলবন্দরের কৃষিপণ্যের গোডাউনে সাতক্ষীরা জেলা টাস্কফোর্স কমিটির সমন্বয়ে যৌথ অভিযান পরিচালিত

১৯ মার্চ, ২০২৩খ্রি. তারিখ আসন্ন রমজান উপলক্ষে দ্রব্যমূল্য স্থিতিশীল এবং পণ্য সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে সাতক্ষীরা জেলা টাস্কফোর্স কমিটির সমন্বয় ভোমরা স্থলবন্দরের কৃষিপণ্যের গোডাউনে এক যৌথ অভিযান পরিচালিত হয়। অভিযানের নেতৃত্বে ছিলেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব আবদুল্লাহ আল আমিন। কৃষি বিপণন আইন ২০১৮ এর ১৯ ধারার ১ এর (ঠ,ড) মোতাবেক কৃষি পণ্য সরবরাহে বাঁধা সৃষ্টি ও কৃত্রিম সংকট সৃষ্টির অপরাধে একটি প্রতিষ্ঠানকে সর্তকতা মূলক ১০,০০০ টাকা জরিমানা করা হয়। অভিযানে সহায়তা করেন র‍্যাব, বি.জি.বি, পুলিশ বিভাগ ও জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। যৌথ অভিযানে সক্রিয় ভূমিকা পালন করেন সাতক্ষীরা জেলার সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত) জনাব সালেহ মোহাম্মদ আব্দুল্লাহ।



যৌথ অভিযানে সহায়তা করেন জনাব সালেহ মোহাম্মদ আব্দুল্লাহ, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), সাতক্ষীরা

### জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ উপলক্ষ্যে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ উপলক্ষ্যে ১৭ মার্চ ২০২৩ শুক্রবার বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল-এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ওমর মোঃ ইমরুল মহসিন মহোদয়ের নেতৃত্বে কৃষি বিপণন অধিদপ্তরের পক্ষ থেকে পুস্পস্তবক অর্পণ করা হয়।

### খুলনা বিভাগীয় কার্যালয়ের পক্ষ থেকে সম্মানিত সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়কে ফুলেল শুভেচ্ছা প্রদান



সম্মানিত সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়কে ফুলেল শুভেচ্ছা প্রদান করছেন জনাব সিফাত মেহনাজ, উপপরিচালক (উপসচিব), খুলনা বিভাগ

২২ মার্চ, ২০২৩ খ্রি. তারিখে খুলনার দিঘলিয়ায় গোপালগঞ্জ, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা ও পিরোজপুর কৃষি উন্নয়ন প্রকল্প (প্রথম সংশোধিত)-এর আওতায় কৃষক সমাবেশ ও মতবিনিময় সভায় খুলনা বিভাগীয় কার্যালয়ের পক্ষ থেকে জনাব ওয়াহিদা আক্তার, সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়কে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন জনাব সিফাত মেহনাজ, উপপরিচালক (উপসচিব), খুলনা বিভাগ।

### কৃষি-বাণিজ্য বিকাশে কৃষি বিপণন অধিদপ্তরের সাথে ল্যান্ড ও'লেকস ভেঞ্চারের সমঝোতা স্মারক স্বাক্ষর



সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এবং ল্যান্ড ও'লেকস ভেঞ্চারের পক্ষে মাইকেল জে. পার

কৃষি-বাণিজ্য বিকাশকে জোরদার করতে ল্যান্ড ও'লেকস ভেঞ্চার নামের একটি আন্তর্জাতিক কৃষি উন্নয়ন সংস্থার সঙ্গে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে কৃষি বিপণন অধিদপ্তর। কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে ০৪ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখ মঙ্গলবার আয়োজিত এক অনুষ্ঠানে এই স্মারক স্বাক্ষরিত হয়। এই চুক্তিতে কৃষি বিপণন অধিদপ্তরের পক্ষে মহাপরিচালক ওমর মো. ইমরুল মহসিন এবং ল্যান্ড ও'লেকস ভেঞ্চারের পক্ষে মাইকেল জে. পার স্বাক্ষর করেন। এ সময় দুই প্রতিষ্ঠানের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এই চুক্তির আওতায় বাংলাদেশে কৃষিপণ্যের জন্য রপ্তানি বাজারে প্রবেশের প্রয়োজনীয়তা শনাক্তকরণ, পচনশীল পণ্য ব্যবস্থাপনা এবং স্টোরেজ ম্যানুয়ালগুলোর প্রচার এবং কৃষি বাণিজ্য সম্পর্কিত ক্ষমতার বিধানের ক্ষেত্রগুলোতে এক সঙ্গে কাজ করবে এই দুই সংস্থা।

### রংপুর জেলার পীরগাছা উপজেলায় নির্মিত মডেল ঘরে আলু সংরক্ষণ কার্যক্রমের শুভ উদ্বোধন



মডেল ঘরে আলু সংরক্ষণ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্পের আওতায় রংপুর জেলার পীরগাছা উপজেলায় নির্মিত মডেল ঘরে আলু সংরক্ষণ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ওমর মোঃ ইমরুল মহসিন। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আলুর বহুমুখী ব্যবহার, বিপণন ও সংরক্ষণ উন্নয়নের প্রকল্প পরিচালক জনাব মোঃ আনোয়ারুল হক।

### মাগুরা জেলায় পেঁয়াজ সংরক্ষণাগার নির্মাণে ভিত্তিপ্রস্তর স্থাপন



মাগুরা জেলায় পেঁয়াজ প্রকল্পের পেঁয়াজ সংরক্ষণাগার নির্মাণে ভিত্তিপ্রস্তর স্থাপন করেন জনাব ওমর মোঃ ইমরুল মহসিন, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। এ সময় উপস্থিত ছিলেন প্রকল্প পরিচালক জনাব মোঃ হেলাল উদ্দিন।

সম্পাদনা: মোঃ রশিদুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও সমন্বয়), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
ফোনঃ ০২-৫৫০২৮৪৪৯; ই-মেইলঃ rashidul609@gmail.com; ওয়েবসাইটঃ www.dam.portal.gov.bd